

## 🗏 আল-কিয়ামাহ | Al-Qiyama | ٱلْقِيَامَة

আয়াতঃ ৭৫: ১৬

আরবি মূল আয়াত:

## لَا تُحَرِّك بِهِ لِسَانَكَ لِتَعجَلَ بِهِ ﴿١٩١﴾

## 

কুরআন তাড়াতাড়ি আয়ন্ত করার উদ্দেশ্যে তুমি তোমার জিহবাকে দ্রুত আন্দোলিত করো না। — আল-বায়ান (এ সূরাহ অবতীর্ণ হওয়ার সময় আল্লাহর রসূল তা মুখস্থ করার জন্য ব্যস্ত হয়ে পড়লে আল্লাহ অভয় দিয়ে বললেন) তুমি তাড়াতাড়ি ওয়াহী আয়ন্ত করার জন্য তোমার জিভ নাড়াবে না। — তাইসিরুল তাড়াতাড়ি অহী আয়ন্ত্ব করার জন্য তুমি তোমার জিহবা দ্রুততার সাথে সঞ্চালন করনা। — মুজিবুর রহমান Move not your tongue with it, [O Muhammad], to hasten with recitation of the Our'an. — Sahih International

১৬. তাড়াতাড়ি ওহী আয়ত্ত করার জন্য আপনি তা নিয়ে আপনার জিহ্বাকে দ্রুত সঞ্চালন করবেন না।

তাফসীরে জাকারিয়া

- (১৬) তাড়াতাড়ি অহী আয়ত্ত করার জন্য তুমি তোমার জিহ্বা ওর সাথে সঞ্চালন করো না। [1]
  - [1] জিবরীল (আঃ) যখন অহী নিয়ে আসতেন, তখন নবী (সাঃ)ও তাঁর সাথে সাথে তাড়াতাড়ি করে পড়ে যেতেন। যাতে কোন শব্দ যেন ভুলে না যান। আল্লাহ তাঁকে ফিরিশতার সাথে এইভাবে পড়তে নিষেধ করলেন। (বুখারীঃ সূরা কিয়ামার তফসীর) এ বিষয় পূর্বেও আলোচিত হয়েছে। وَلَا تَعْجَلْ بِالقُرْآنِ مِنْ قَبْلِ أَنْ يُقْضَى إِلَيْكَ وَحْيُهُ। (সূরা ত্বাহা ১১৪ আয়াত দ্রঃ) সুতরাং এই নির্দেশের পর রসূল (সাঃ) চুপ করে কেবল শুনতেন।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5567

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন